

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারক ও পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ও খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমাল'২০২৪ এবং উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুরের ২৮/১০/২০২৪ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলার ৪টি ইউনিয়নের মোট ১১জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের নিমিত্তে নিম্নোক্ত ও শর্তসাপেক্ষে খাদ্যশস্য(ফুড গ্রেইন লাইসেন্সধারী) ব্যবসায়ী সদস্য-সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঘোড়াঘাট, দিনাজপুর বরাবরে আগামী ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আশ্রয়ী ব্যক্তির নিকট হতে দরখাস্তপত্র আহবান করা হচ্ছে।


খাদ্যবান্ধব ডিলার নিয়োগযোগ্য কেন্দ্রের তালিকা:

ক্র. নং	জেলা ও উপজেলার নাম	ইউনিয়নের নাম	কার্ড সংখ্যা	ইউনিয়নের নিয়োগযোগ্য ডিলার সংখ্যা	ইউনিয়নে বিতরণযোগ্য কেন্দ্রের নাম	মন্তব্য
১	দিনাজপুর, ঘোড়াঘাট।	১নং বুলাকীপুর ইউপি	১৫৪৭	১	বলগাড়া বাজার	
২				১	বরাতীপুর মলেড মোড়	
৩				১	হরিপাড়াহাট	
৪		২নং পালশা ইউপি	১৪৭৪	১	বলাহার বাজার	
৫				১	গোপালপুর বাজার	
৬				১	ডুগডুগীহাট	
৭		৩নং সিংড়া ইউপি	১৬৬৩	১	রানীগঞ্জ বাজার	
৮				১	রানীগঞ্জ কশিগাড়া	
৯				১	চাঁদপাড়া বাজার	
১০		৪নং ঘোড়াঘাট ইউপি	৯১৬	১	পাটশাঁও মোড়	
১১				১	ঘুঘুড়া মোড়	
		মোট=	৫৬০০	১১জন		

শর্তাবলী:-

- ১। আশ্রয়ী ব্যক্তিকে নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে;
- ২। আবেদনকারীর ইউনিয়নে নির্ধারিত কেন্দ্রে বড়হাট/বাজারে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে;
- ৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;
- ৪। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনেরো) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
- ৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে ও আবেদনকারীর খুচরা/পাইকারী ফুড গ্রেইন লাইসেন্স এবং সংশ্লিষ্ট ইউনিয়নের ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না;
- ৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;
- ৮। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- ৯। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে প্রদান করতে হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী ৩০০/- (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা প্রদান করতে হবে;
- ১০। আবেদনকারীর বয়সসীমা সর্বনিম্ন ১৮ বৎসর হতে হবে;
- ১১। সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে;
- ১২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রদান করতে হবে;
- ১৩। চেয়ারম্যান কর্তৃক চরিত্রগত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে;
- ১৪। প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র মুখবন্ধ খামে সীল গালা অবস্থায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, ঘোড়াঘাট, দিনাজপুরে স্থাপিত বাস্তব ১৪/১১/২০২৪খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে; এবং নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না (আবেদনকারীকে বিতরণযোগ্য কেন্দ্রের নাম অবশ্যই উল্লেখ করতে হবে)।
- ১৫। খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসরণ করা হবে;
- ১৬। আবেদনপত্রের নমুনা ও অঙ্গীকারনামা অফিস হতে এবং অফিসের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

উল্লেখ্য যে, উপরে বর্ণিত চাহিত সকল কাগজপত্রাদি ১ম শ্রেণীর কর্মকর্তার কর্তৃক সত্যায়নপূর্বক প্রদান করতে হবে।



(মো. ইউনুস আলী মন্ডল)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি,
ঘোড়াঘাট, দিনাজপুর।

তারিখ: ৬/১১/২০২৪
১৫/১০/২০২৪ খ্রি।

স্মারক নং-১৩.০৮.২৭৬৯.০০৩.৫৭.০২১.১১ ~~১১~~ ২২৬২

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৪। উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৫। উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৬। উপজেলা পরিসংখ্যান অফিসার ও সদস্য, উপজেলা উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সদস্য, উপজেলা উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর।
- ৮। সভাপতি, প্রেস ক্লাব ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। চেয়ারম্যান, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, (সকল) ইউপি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রানীগঞ্জ এলএসডি/হরিপাড়াহাট এলএসডি/ঘোড়াঘাট এলএসডি/ভুগড়গী এলএসডি, ঘোড়াঘাট, দিনাজপুর- বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড।
- ১২। ওয়েবপোর্টাল।
- ১৩। অফিস নথি।


(মো. ইউনুস আলী মন্ডল)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ঘোড়াঘাট, দিনাজপুর।